

## বিশ্ব

### ইউক্যালিপ্টাসের জিনোম সিকোয়েন্সিং

১৮টি দেশের প্রায় শতাধিক বিজ্ঞানীদের নিরবিচ্ছিন্ন প্রয়াসে অবশেষে ইউক্যালিপ্টাস (*Eucalyptus grandis*) উদ্ভিদের জিনোম সিকোয়েন্স করা সম্ভব হয়েছে। এর জিনোম রয়েছে ৬৪০ মিলিয়ন ডি.এন.এ. (DNA) সেব পেয়ার (Base pair) এবং ৩৬,০০০ জিন। বিশ্বের সুপরিচিত এ উদ্ভিদের সেলুলোজ উৎপাদনের জন্য ১৮টি এনজাইমেটিক প্রক্রিয়া অনুসরণ করে। এছাড়াও রোগ প্রতিরোধ এবং প্রতিকূল আবহাওয়ায় বেঁচে থাকার জন্য বিভিন্ন উপকারী জিনের উপস্থিতিতেও নির্ণিত হয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

For more details about this research <http://jgi.doe.gov/just-food-koalas-eucalyptus-global-tree-fuel-fiber/>

## আফ্রিকা

### ভিটামিন এ সমৃদ্ধ বায়োটেক কলা বাজারে আসছে

ভিটামিন এ এর অভাব পৃথিবী জুড়ে শিশুদের বিভিন্ন রোগের জন্য দায়ী। অপুষ্টির হাত থেকে শিশুদের রক্ষা করতেই আফ্রিকার একদল বিজ্ঞানী উদ্ভাবন করেছিল ভিটামিন এ সমৃদ্ধ কলা যা বিভিন্ন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে মানুষের খাদ্য হিসেবে শীঘ্রই বাজারে আসবে। আর এ জন্যই প্রথমে পাইলট প্রোজেক্ট হাতে নেয়া হয়েছে যেখানে অল্পকিছু মানুষকে এ ফল খাওয়ানো হবে এবং বিভিন্ন দিক পর্যালোচনা করা হবে।

Read more at <http://news.sciencemag.org/sifter/2014/06/superbananas-could-fight-vitamin-a-deficiency> and <http://time.com/2880579/super-banana-vitamins-nutrients-uganda-genetic-engineering/>

## আমেরিকা

### দক্ষিণ আমেরিকার বায়োটেক আখের মাঠ পরীক্ষা

সম্প্রতি উদ্ভাবিত খরা সহিষ্ণু আঁখ কৃষকের দ্বারগোড়ায় পৌঁছে দিতে দক্ষিণ আমেরিকার বিভিন্ন স্থানে মাঠ পরীক্ষা শুরু হয়েছে। আশা করা হচ্ছে আগামী ২০১৫ সালে মধ্যে এ জাতের আঁখ চূড়ান্তভাবে অনুমোদন দেয়া হবে। এ জাত অনুমোদন হলে এ অঞ্চলের আঁখের চাহিদা পূরণ হবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

Read Ceres' news release at <http://www.ceres.net/News/NewsReleases/2014/06-11-14-News-Rel.html>

## এশিয়া

### পরিবেশ উপযোগী ধান চাষ

এশিয়ার প্রায় ১০ মিলিয়ন কৃষক পরিবেশ উপযোগী ধান চাষ করছে। এ জাতগুলো বগ্যা, খরা, তাপ এবং জলমগ্নতা সহিষ্ণু। বিল এবং মেলিভা গেটসের অর্থায়নে পরিচালিত গবেষণার মাধ্যমে উদ্ভাবিত এ জাতগুলো বৃহত্তর এশিয়ার খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে ভূমিকা রাখবে।

Read more at <http://irri.org/news/media-releases/climate-smart-rice-now-grown-by-10-million-farmers>

## ইউরোপ

### জিএম ফসল অনুমোদনের প্রত্যাশা

ইউরোপীয়ান ইউনিয়নের প্রতিনিধিদল সমগ্র ইউরোপে জিএম ফসল অনুমোদনের জন্য অনুরোধ করেছে। পরিবর্তীত জলবায়ু উপযোগী ফসলের উপযোগীতার বিষয়টি বিবেচনায় রেখে এ ফসল অনুমোদন দেয়া জরুরী বলে জানিয়েছেন এর সাথে সংশ্লিষ্ট গবেষক এবং কমকর্তাবৃন্দ।

For more <http://news.sciencemag.org/environment/2014/06/european-nations-back-new-rules-snubbing-gm-crops> and

[http://www.europabio.org/sites/default/files/press/biotech\\_industry\\_disappointed\\_with\\_ministers\\_agreement\\_to\\_renationalise\\_decisions\\_on\\_gm\\_crops\\_cultivation.pdf](http://www.europabio.org/sites/default/files/press/biotech_industry_disappointed_with_ministers_agreement_to_renationalise_decisions_on_gm_crops_cultivation.pdf)

## গবেষণা

### SLMKK জিন টমেটোর রোগ প্রতিরোধ করবে

গেমেস্ট টমেটোর একটি পরিচিত রোগ যা এ উদ্ভিদের জন্য হুমকিস্বরূপ। এ রোগ প্রতিরোধ করার জন্য দায়ী জিন SLMKK যা অনুসন্ধান করেছে বিজ্ঞানীরা। কারণ বিজ্ঞানীরা গবেষণা করে দেখেছেন যে, এ জিনের প্রভাবে উদ্ভিদটি ছত্রাকজনিক রোগের বিরুদ্ধে প্রতিরোধী ব্যবস্থা গড়ে তুলতে সক্ষম।

For more info regarding this study, please visit: <http://www.biomedcentral.com/content/pdf/1471-2229-14-166.pdf>